# মুন্সীগঞ্জ পৌরসভা কার্যালয়

**মুন্সীগঞ্জ-১৫০০**

(www.munshiganjpourashava.gov.bd)

কর্তৃক প্রকাশিত

---

সোমবার, ১০. ফেব্রুয়ারী ২০২৫, ......২৭......মাঘ...... ১৪৩১

---

<u>প্রজ্ঞাপন</u>

স্মারক নং- মুন্সী/পৌর/প্রশা/..৪৪., তারিখঃ ..১০ ফেব্রুয়ারী ২০২৫ খ্রিষ্টাব্দ।

স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ (২০০৯সনের ৫৮নং আইন) এর ধারা ১২২, উক্ত আইনের ৫৫ ও ধারা, ৫৬(১) অনুযায়ী, এ প্রদত্ত ক্ষমতাবলে এবং স্থানীয় সরকার বিভাগের পৌর-১ শাখার প্রজ্ঞাপন নং- ৪৬,০০,০০০০,০০০,০৬৩, ২৭,০০০২,২৪-৯৯৬ ও ৯৯৮, তারিখঃ ১৮ আগস্ট ২০২৪ অনুযায়ী মেয়র অপসারিত হয়ে প্রশাসক নিয়োগ ও পৌর-১ শাখার প্রজ্ঞাপন নং-৪৬.০০.০০০০. ০০০.০৬৩.২৭.০০০২.২৪-১০৮১ ও ১০৮৩, তারিখঃ ২৬ সেপ্টেম্বর ২০২৪ আলোকে কাউন্সিলরগণ অপসারিত হয়ে প্রশাসকের কর্মসম্পাদনে সহায়তা প্রদানের জন্য সরকারি কর্মকর্তাদের সমন্বয়ে কমিটি গঠিত হওয়ায় গত ০৩ অক্টোবর ২০২৪ তারিখে অনুষ্ঠিত অত্র পৌর পরিষদের সেপ্টেম্বর/২০২৪ মাসের মাসিক সাধারণ সভার সিদ্ধান্ত অনুযায়ী মুন্সীগঞ্জ পৌরসভার স্থায়ী কমিটিসমূহ নিম্নরূপভাবে পুনঃগঠন করা হলো।

১। **সংক্ষিপ্ত শিরোনাম**-এই উপ-আইনমালা মুন্সীগঞ্জ পৌরসভা স্থায়ী কমিটি গঠন ও কমিটির কার্যাবলী সংক্রান্ত উপ-আইনমালা, ২০২৪ নামে অভিহিত হইবে।

২। **সংজ্ঞা**-বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই উপ-আইনমালায় -

(১)'আইন' অর্থ স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ (২০০৯ সনের ৫৮নং আইন);

(২) স্থানীয় সরকার (পৌরসভা) (সংশোধন) অধ্যাদেশ, ২০২৪ এর ধারা ৪২ক। এর (১) (২) ও (৩);

(৩)'স্থায়ী কমিটি' অর্থ আইন এর অধীন গঠিত পৌরসভায় স্থায়ী কমিটি, অতঃপর কমিটি বলিয়া উল্লিখিত।

৩। **স্থায়ী কমিটির কার্যপরিধি**- আইন এর ধারা ৫৫ (১) এ উল্লিখিত ১০ (দশ) টি স্থায়ী কমিটির গঠন ও কার্যপরিধি প্রথম তফসিল এ সংযুক্ত করা হইল। স্থায়ী কমিটি সমুহের মেয়াদ আড়াই বৎসর পর্যন্ত বলবৎ থাকিবে।

৪। **অতিরিক্ত স্থায়ী কমিটির** গঠন ও **কার্যপরিধি**- পৌরসভার প্রয়োজনে আইন এর ধারা ৫৫ এর উপ-ধারা (২) এ উল্লেখিত অতিরিক্ত ০৫(পাঁচ)টি স্থায়ী কমিটি গঠন করা হইল। অতিরিক্ত স্থায়ী কমিটির প্রতিটির জন্য পৃথক পৃথকভাবে আদেশ সংযুক্ত করা হইল। অতিরিক্ত স্থায়ী কমিটির গঠন ও কর্মপরিধি দ্বিতীয় তফসিল এ সংযুক্ত করা হইল। অতিরিক্ত স্থায়ী কমিটি সমুহের মেয়াদ আড়াই বৎসর পর্যন্ত বলবৎ থাকিবে।

এরপর পাতা-২

(১) প্রথম তফসিল
[অনুচ্ছেদ-৩ দ্রষ্টব্য]

## (ক) সংস্থাপন ও অর্থ বিষয়ক কমিটি

**১। সংস্থাপন ও অর্থ বিষয়ক স্থায়ী কমিটির গঠন নিম্নরূপ হইবেঃ**

| ক্রমিক নং | নাম | পরিচিতি | পদবী |
|---|---|---|---|
| ০১ | জনাব মোঃ নজরুল ইসলাম | জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, মুন্সীগঞ্জ। | সভাপতি |
| ০২ | জনাব মৌসুমী মাহবুব | উপ-পরিচালক (উপসচিব), স্থানীয় সরকার, মুন্সীগঞ্জ। | সদস্য |
| ০৩ | জনাব মোঃ ইসমাইল হোসেন | জেলা শিক্ষা অফিসার, মুন্সীগঞ্জ। | সদস্য |
| ০৪ | জনাব আলেয়া ফেরদৌসী | উপ-পরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, মুন্সীগঞ্জ। | সদস্য |
| ০৫ | জনাব ওয়াহিদুজ্জামান | নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, মুন্সীগঞ্জ। | সদস্য |
| ০৬ | জনাব মোঃ আব্দুর রব | পৌর নির্বাহী কর্মকর্তা, মুন্সীগঞ্জ পৌরসভা, মুন্সীগঞ্জ। | কো-অপ্ট সদস্য ও সদস্য সচিব |

**২। কমিটির কার্যপরিধিঃ**

২.১। পৌরসভার পরিচালন ব্যবস্থার দক্ষতা বৃদ্ধি তথা পৌরসভার কাজকর্ম ও সেবার মান বাড়ানোর ব্যাপারে গতিশীলতা আনয়নের জন্য সকল শূন্য পদসমূহে কর্মকর্তা/কর্মচারী নিয়োগ করার পদক্ষেপ গ্রহণ করা;

২.২। যে সকল পদে ইতিমধ্যে পদোন্নতির সুযোগ সৃষ্টি সেই সকল পদে যোগ্য ব্যক্তিদের পদোন্নতি প্রদানের ব্যবস্থা গ্রহণ করা;

২.৩। বাৎসরিক ভিত্তিতে কর্মকর্তা/কর্মচারীদের কর্মোদ্যোগ, দক্ষতা ও যোগ্যতা মূল্যায়ন করা;

২.৪। কর্মকর্তা/কর্মচারীদের কর্ম বন্টন অনুযায়ী যথাযথভাবে দায়িত্ব পালনে উদ্বুদ্ধ করা;

২.৫। কর্মকর্তা/কর্মচারীসহ অন্যান্য সকলের দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা গ্রহণ করা;

২.৬। আয়ের সঙ্গে ব্যয়ের সঙ্গতি বজায় রেখে পৌরসভার বার্ষিক বাজেট প্রণয়নে সাহায্য করা;

২.৭। রাজস্ব আয় বৃদ্ধির পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নের কৌশল নির্ধারণ করা;

২.৮। পৌরসভার রাজস্ব আয় বৃদ্ধির লক্ষ্যে পৌর তহবিলের কিছু অংশ বিভিন্ন আয় বৃদ্ধিমূলক কর্মকান্ডে বিনিয়োগের পরিকল্পনা প্রস্তাব করা.

২.৯। সুশাসন প্রতিষ্ঠাকল্পে পৌরসভার সকল কার্যক্রমে তথ্য প্রযুক্তি (ই-গভর্নেন্স) চালু করণের পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নের দিক নির্দেশনা প্রদান করা;

২.১০। সরকারী ও অন্যান্য প্রতিষ্ঠানের নিকট পৌরসভার সকল দায়-দেনা নির্ধারণ করিয়া তাহা আদায়ে পৌর পরিষদকে সহায়তা করা;

২.১১। পৌর তহবিল ব্যয়ের স্বচ্ছতা ও জবাবদিহিতার জন্য সকল ব্যয় সময়মত নিরীক্ষার ব্যবস্থা করা ;

২.১২। নূতন, পুরাতন সকল নিরীক্ষা আপত্তি নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করা ও

২.১৩। পৌর পরিষদের সংস্থাপন ও অর্থ সংক্রান্ত কাজে পরামর্শ প্রদান করা।

৩। কমিটির কোন সদস্য বদলী হইলে তাঁর স্থলে নতুন করে যোগদানকৃত কর্মকর্তা সদস্য পদে স্থলাভিষিক্ত হইবেন।

## (খ) কর নিরুপন ও আদায় বিষয়ক কমিটি

১। কর নিরুপন ও আদায় বিষয়ক কমিটির গঠন নিম্নরূপ হইবেঃ

| ক্রমিক নং | নাম | পরিচিতি | পদবী |
|---|---|---|---|
| ০১ | জনাব মোঃ ইসমাইল হোসেন | জেলা শিক্ষা অফিসার, মুন্সীগঞ্জ। | সভাপতি |
| ০২ | জনাব মৌসুমী মাহবুব | উপ-পরিচালক (উপ-সচিব), স্থানীয় সরকার, মুন্সীগঞ্জ। | সদস্য |
| ০৩ | জনাব মোঃ নজরুল ইসলাম | জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, মুন্সীগঞ্জ। | সদস্য |
| ০৪ | জনাব বিপ্লব কুমার মোহন্ত | উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, মুন্সীগঞ্জ। | সদস্য |
| ০৫ | জনাব আলেয়া ফেরদৌসী | উপ-পরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, মুন্সীগঞ্জ। | সদস্য |
| ০৬ | জনাব মোঃ আব্দুর রব | পৌর নির্বাহী কর্মকর্তা, মুন্সীগঞ্জ পৌরসভা, মুন্সীগঞ্জ। | কো-অপ্ট সদস্য ও সদস্য সচিব |

২। কমিটির কার্যপরিধিঃ

২.১। কর, উপ-কর, রেইট, টোল, ফিস ও অন্যান্য কর আরোপ এবং আদায়ের ক্ষেত্রে বিভিন্ন কৌশল অবলম্বনের সুপারিশ করা;

২.২। সরকারী নীতিমালার সাথে সঙ্গতিবিধান করিয়া কর আরোপ বিধিমালা প্রয়োগ করার জন্য সংশ্লিষ্টদের পরামর্শ প্রদান করা;

২.৩। কর অব্যাহতি, কর রহিতকরণ ও কর চুড়ান্তকরণ বিষয়ে মতামত প্রদান করা;

২.৪। কর আদায় ও কর নির্ধারণ কাজে নিয়োজিত কর্মকর্তা ও কর্মচারীদের উৎসাহ প্রদান করা;

২.৫। সময়মত কর পরিশোধে জনসাধারণকে উদ্বুদ্ধ করা;

২.৬। অন্তবর্তী কর নির্ধারণ কার্যক্রম অব্যাহত রাখার কাজে সংশ্লিষ্ট ব্যক্তিদের সহায়তা করা ও দিক নির্দেশনা প্রদান করা;

২.৭। কর সংক্রান্ত ডাটাবেইজ তৈরী ও হালনাগাদ করার কাজে সংশ্লিষ্ট ব্যক্তিদের প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা করা;

২.৮। কর আদায় কার্যক্রম মনিটরিং করা এবং আদায় লক্ষ্যমাত্রা নির্ধারণ ও আদায় পরিস্থিতি পর্যালোচনা করা;

২.৯। কর সংক্রান্ত আপত্তি শুনানী গ্রহণ পূর্বক দ্রুত সিদ্ধান্ত গ্রহণ করা;

২.১০। কর প্রদান ও সেবা গ্রহণ বিষয়ে পৌরসভা ও জনগণের মাঝে সেতুবন্ধন হিসাবে কাজ করা;

২.১১। রাজস্ব আদায় বৃদ্ধির লক্ষ্যে করের নতুন নতুন উৎস খোঁজকরণ;

২.১২। কর নিরূপণ ও আদায় কাজে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করার ব্যবস্থা গ্রহণ করা;

২.১৩। পৌরসভার নিজস্ব তহবিল দ্বারা কর আদায়ের বিষয়ে কম্পিউটার সফ্টওয়ার চালু করা এবং অব্যাহত রাখা ;

২.১৪। কমিটি বিশেষজ্ঞ সদস্য হিসাবে সংশ্লিষ্ট উপজেলার সহকারী কমিশনার (ভূমি) কে কো-অপ্ট করিতে পারিবে ;

২.১৫। অন্যান্য সংশ্লিষ্ট বিষয়াদি।

৩। কমিটির কোন সদস্য বদলী হইলে তাঁর স্থলে নতুন করে যোগদানকৃত কর্মকর্তা সদস্য পদে স্থলাভিষিক্ত হইবেন।

## (গ) হিসাব ও নিরীক্ষা বিষয়ক কমিটি

১। হিসাব ও নিরীক্ষা বিষয়ক **কমিটির গঠন নিম্নরূপ হইবেঃ**

| ক্রমিক নং | নাম | পরিচিতি | পদবী |
|---|---|---|---|
| ০১ | জনাব মোঃ ইসমাইল হোসেন | জেলা শিক্ষা অফিসার, মুন্সীগঞ্জ। | সভাপতি |
| ০২ | জনাব মৌসুমী মাহবুব | উপ-পরিচালক (উপ-সচিব), স্থানীয় সরকার, মুন্সীগঞ্জ। | সদস্য |
| ০৩ | জনাব আলেয়া ফেরদৌসী | উপ-পরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, মুন্সীগঞ্জ। | সদস্য |
| ০৪ | জনাব মোঃ নজরুল ইসলাম | জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, মুন্সীগঞ্জ। | সদস্য |
| ০৫ | ডাঃ মোঃ মঞ্জুরুল আলম | সিভিল সার্জন, মুন্সীগঞ্জ | সদস্য |
| ০৬ | জনাব মোঃ কামরুল আলম | হিসাবরক্ষণ কর্মকর্তা, মুন্সীগঞ্জ পৌরসভা, মুন্সীগঞ্জ। | কো-অপ্ট সদস্য ও সদস্য সচিব |

**২। কমিটির কার্যপরিধিঃ**

২.১। পৌরসভার সকল আয় ব্যয়ের হিসাবপত্র যথাযথভাবে সংরক্ষণ করিতে সংশ্লিষ্ট সকলকে সহায়তা করা;

২.২। সকল প্রকার আদায় ও জমার হিসাব নিয়মিত যাচাই বাছাই করা;

২.৩। সরকারী বিধি বিধান (নির্ধারিত ফরম ও পদ্ধতি অনুসরণে) অবলম্বনে পৌরসভার যাবতীয় হিসাব ও কর্মকান্ড পরিচালনা করা হয় কিনা যাচাই করা;

২.৪। স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করতে পৌরসভার সকল প্রকার আয় ব্যয়ের হিসাব জনসম্মুখে প্রকাশের ব্যবস্থা গ্রহণে সংশ্লিষ্টদের সহায়তা করা;

২.৫। আয়ও ব্যয়ের হিসাব বৎসরে একবার নিরীক্ষা করা এবং এই সংক্রান্ত প্রতিবেদন পৌরসভার সাধারণ সভায় উপস্থাপনের ব্যবস্থা গ্রহণ করা;

২.৬। হিসাব শাখাকে পরিপূর্ণভাবে কম্পিউটারাইজড করিতে পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নে সহযোগিতা করা;

২.৭। নির্ধারিত সময় পর পর পৌরসভার যাবতীয় আয় ব্যয় অভ্যন্তরীন নিরীক্ষা করা;

২.৮। হিসাব সংক্রান্ত কম্পিউটার সফটওয়্যার চালু থাকিলে পৌরসভার হিসাব ব্যবস্থাপনায় তা ব্যবহার অব্যাহত রাখা;

২.৯। উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তাকে কমিটির বিশেযজ্ঞ সদস্য হিসেবে কো-অপ্ট করিতে পারিবে ;

২.১০। অন্যান্য সংশ্লিষ্ট বিষয়াদি।

৩। কমিটির কোন সদস্য বদলী হইলে তাঁর স্থলে নতুন করে যোগদানকৃত কর্মকর্তা সদস্য পদে স্থলাভিষিক্ত হইবেন।

## (ঘ) নগর পরিকল্পনা, নাগরিক সেবা ও উন্নয়ন বিষয়ক কমিটি

**১। নগর পরিকল্পনা, নাগরিক সেবা ও উন্নয়ন কমিটির গঠন নিম্নরূপ হইবেঃ**

| ক্রমিক নং | নাম | পরিচিতি | পদবী |
|---|---|---|---|
| ০১ | জনাব বরুন কুমার বিশ্বাস | নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত, মুন্সীগঞ্জ। | সভাপতি |
| ০২ | জনাব মৌসুমী মাহবুব | উপ-পরিচালক (উপ-সচিব), স্থানীয় সরকার, মুন্সীগঞ্জ। | সদস্য |
| ০৩ | জনাব মোঃ হুমায়ুন কবির | নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, মুন্সীগঞ্জ। | সদস্য |
| ০৪ | জনাব আলেয়া ফেরদৌসী | উপ-পরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, মুন্সীগঞ্জ। | সদস্য |
| ০৫ | জনাব ওয়াহিদুজ্জামান | নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, মুন্সীগঞ্জ। | সদস্য |
| ০৬ | জনাব মোহাম্মদ মোশারফ হোসেন | সহকারী প্রকৌশলী (সিভিল), মুন্সীগঞ্জ পৌরসভা। | কো-অপ্ট সদস্য |
| ০৭ | জনাব সুস্মিতা চক্রবর্তী | শহর পরিকল্পনাবিদ, মুন্সীগঞ্জ পৌরসভা। | কো-অপ্ট সদস্য ও সদস্য সচিব |

**২। কমিটির কার্যপরিধিঃ**

২.১। পৌর এলাকার জন্য একটি মহাপরিকল্পনা প্রণয়ন ও উক্ত মহাপরিকল্পনা কার্যকর করিতে সহায়তা করা। এই ধরণের মহাপরিকল্পনা

প্রণয়নে যে বিষয়গুলি বিশেষভাবে বিবেচনায় রাখিতে হইবে;

ক. পৌর এলাকার ইতিহাস ও ঐতিহ্য, পরিসংখ্যান, জনসেবামূলক এবং অন্যান্য বিষয়াদির বিবরণ সম্বলিত একটি জরিপ পরিচালনা করা;

খ. পৌর এলাকার কোন কোন স্থান বা এলাকার উন্নয়ন ও সম্প্রসারন করা দরকার তাহার একটি মানচিত্র প্রস্তুত করা;

গ. প্রাকৃতিক পরিবেশ বজায় রাখার জন্য কার্যকর ব্যবস্থা গ্রহণে পৌর পরিষদকে পরামর্শ প্রদান করা;

ঘ. সুষম উন্নয়নের স্বার্থে পৌর এলাকার কোন অঞ্চলের অহেতুক অবকাঠামোগত সম্প্রসারণ নিয়ন্ত্রণ করা এবং

ঙ. অবকাঠামো ও নাগরিক সেবা উন্নয়নে পৌর আইনের যথাযথ প্রয়োগ নিশ্চিত করতে সকলকে পরামর্শ প্রদান করা ;

২.২। সকল নাগরিক সুবিধা প্রদানের লক্ষ্যে পৌর এলাকার রাস্তা ও অন্যান্য এলাকায় বৃক্ষ রোপন, পরিচর্যা উদ্যান নির্মাণ রক্ষণাবেক্ষণ, খোলা জায়গার ব্যবস্থা, পুকুর নিঃস্কাশন, রক্ষণাবেক্ষণে পৌর কর্তৃপক্ষকে সহায়তা প্রদান করা;

২.৩। বিভিন্ন প্রকার উন্নয়ন কর্মকান্ড চিহ্নিত করে তা গ্রহণ ও বাস্তবায়নে পৌর পরিষদকে পরামর্শ প্রদান করা এবং চলমান প্রকল্প বাস্তবায়নে সকলকে সহায়তা করা;

২.৪। পৌরসভার অবকাঠামো তালিকা প্রণয়ন ও বেইজ ম্যাপ ব্যবহার পূর্বক অবকাঠামো উন্নয়নে পৌরসভাকে সহায়তা প্রদান করা;

২.৫। ইমারত নির্মাণ ও পূনঃ নির্মাণের যাবতীয় কর্মকান্ড পরিবীক্ষণ করা, বিশেষতঃ বিল্ডিং কোড ব্যবহার নিশ্চিত করা ও

২.৬। অন্যান্য সংশ্লিষ্ট বিষয়াদি।

৩। কমিটির কোন সদস্য বদলী হইলে তাঁর স্থলে নতুন করে যোগদানকৃত কর্মকর্তা সদস্য পদে স্থলাভিষিক্ত হইবেন।

## ঙ) আইন শৃঙ্খলা ও জননিরাপত্তা বিষয়ক কমিটি

**১। আইন শৃঙ্খলা ও জননিরাপত্তা কমিটির গঠন নিম্নরুপ হইবেঃ**

| ক্রমিক নং | নাম | পরিচিতি | পদবী |
|---|---|---|---|
| ০১ | জনাব মৌসুমী মাহবুব | উপ-পরিচালক (উপ-সচিব), স্থানীয় সরকার, মুন্সীগঞ্জ। | সভাপতি |
| ০২ | জনাব মোঃ ইসমাইল হোসেন | জেলা শিক্ষা অফিসার, মুন্সীগঞ্জ। | সদস্য |
| ০৩ | জনাব মোঃ হুমায়ুন কবির | নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, মুন্সীগঞ্জ। | সদস্য |
| ০৪ | জনাব আলেয়া ফেরদৌসী | উপ-পরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, মুন্সীগঞ্জ। | সদস্য |
| ০৫ | জনাব বরুন কুমার বিশ্বাস | নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত, মুন্সীগঞ্জ। | সদস্য |
| ০৬ | জনাব মোঃ আব্দুর রব | পৌর নির্বাহী কর্মকর্তা, মুন্সীগঞ্জ পৌরসভা, মুন্সীগঞ্জ। | কো-অপ্ট সদস্য ও সদস্য সচিব |

**২। কমিটির কার্যপরিধিঃ**

২.১। পৌর এলাকার নাগরিকদের নিরাপত্তা ও আইন শৃঙ্খলা রক্ষার কাজে পৌর পরিষদসহ পৌরসভার সকল বিভাগকে সক্রিয় করা;

২.২। পৌর এলাকার বিভিন্ন অপরাধ কর্মকান্ড, অপরাধের ধরণ, অপরাধীদের চিহ্নিত করণ, অপরাধ প্রতিরোধ এবং অপরাধীদের গ্রেফতারের জন্য পুলিশকে সহযোগিতা করা;

২.৩। পৌর এলাকার মধ্যে খারাপ ও সন্দেহভাজন ব্যক্তিদের আনাগোনা সম্পর্কে খবরা খবর রাখা এবং তাহাদের সম্পর্কে পুলিশকে তথ্য সরবরাহ করা;

২.৪। পৌরসভার সম্পদের ক্ষতিসাধন, সম্পদের দখল, অবৈধ ব্যবহার ইত্যাদি প্রতিরোধে কার্যকর ব্যবস্থা নেয়া।

২.৫। পৌর সেবা প্রদান করিতে বাঁধা দেয়া হলে তাহা প্রতিরোধ করা;

২.৬। পৌর এলাকায় সকল প্রকার বিরোধ, দাঙ্গা বা মারাত্মক কলহের সৃষ্টি করিতে পারে জনশৃঙ্খলা বিঘ্নিত করিতে পারে এমন আশংকা থাকিলে তাহা প্রতিরোধ করার জন্য উদ্যোগ গ্রহণ এবং প্রয়োজনে পুলিশের সহায়তা গ্রহণ করা ও মাদকদ্রব্য নিয়ন্ত্রণ করা;

২.৭। অগ্নি নির্বাপণ ও প্রতিরোধ, দুর্যোগকালীণ সময়ে বেসামরিক প্রতিরক্ষা ব্যবস্থা গ্রহণ এবং নাগরিক সংহতি বজায় রাখার কাজে পৌর পরিষদসহ সকল বিভাগকে পরামর্শ ও সহায়তা প্রদান করা;

২.৮। আইন শৃঙ্খলা পরিস্থিতির উন্নতি বিধান ও সুষ্ঠু আইন শৃঙ্খলা পরিস্থিতি বজায় রাখিতে জনসচেতনতা বৃদ্ধির কার্যক্রম গ্রহণ করা ও

২.৯। ছোটখাট বিবাদ মীমাংসার জন্য সালিশের ব্যবস্থা গ্রহণ করা।

৩। কমিটির কোন সদস্য বদলী হইলে তাঁর স্থলে নতুন করে যোগদানকৃত কর্মকর্তা সদস্য পদে স্থলাভিষিক্ত হইবেন।

## (চ) যোগাযোগ ও ভৌত অবকাঠামো বিষয়ক কমিটি

১। যোগাযোগ ও ভৌত অবকাঠামো বিষয়ক কমিটির গঠন নিম্নরূপ হইবেঃ

| ক্রমিক নং | নাম | পরিচিতি | পদবী |
|---|---|---|---|
| ০১ | জনাব ওয়াহিদুজ্জামান | নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, মুন্সীগঞ্জ। | সভাপতি |
| ০২ | জনাব মৌসুমী মাহবুব | উপ-পরিচালক (উপ-সচিব), স্থানীয় সরকার, মুন্সীগঞ্জ। | সদস্য |
| ০৩ | জনাব মোঃ হুমায়ুন কবির | নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, মুন্সীগঞ্জ। | সদস্য |
| ০৪ | জনাব আলেয়া ফেরদৌসী | উপ-পরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, মুন্সীগঞ্জ। | সদস্য |
| ০৫ | জনাব বরুন কুমার বিশ্বাস | নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত, মুন্সীগঞ্জ। | সদস্য |
| ০৬ | জনাব মোহাম্মদ আলী | নির্বাহী প্রকৌশলী, মুন্সীগঞ্জ পৌরসভা, মুন্সীগঞ্জ। | কো-অপ্ট সদস্য ও সদস্য সচিব |

২। কমিটির কার্যপরিধিঃ

২.১। যানবাহন ও সর্বসাধারণের চলাচলের জন্য পৌর এলাকার সড়ক যোগাযোগ সম্পর্কিত পরিকল্পনা প্রণয়নে সংশ্লিষ্ট বিভাগকে সহায়তা করা;

২.২। পৌর এলাকার সকল সড়ক ও রাস্তা ঘাট উন্নয়ন ও সংস্কারের পরিকল্পনা প্রণয়নে সংশ্লিষ্ট বিভাগকে সহায়তা করা;

২.৩। জনসাধারণের সুবিধার জন্য বাস টার্মিনাল ও যাত্রী ছাউনি নির্মাণের ব্যবস্থা করা;

২.৪। পৌরসভার সকল অবকাঠামো ইনভেন্টরী করা, ডাটাবেজ ও ম্যাপ তৈরী করা;

২.৫। বিভিন্ন প্রকার ভৌত অবকাঠামোর রাস্তা অবস্থা পর্যবেক্ষণ ও পর্যালোচনার জন্য সরেজমিনে পরিদর্শন, মনিটরিং ও তদারক করা;

২.৬। পৌরসভার সংশ্লিষ্ট সকলকে মাস্টার প্লান সম্পর্কে অবহিতকরণের উদ্যোগ নেয়া;

২.৭। পৌরসভা এলাকার সড়কসমূহে বাতির ব্যবস্থা করা ও ট্রাফিক নিয়ন্ত্রণের যাবতীয় কার্যক্রম গ্রহণ ও

২.৮। অন্যান্য সংশ্লিষ্ট বিষয়াদি সম্পর্কে সিদ্ধান্ত গ্রহণ করা।

৩। কমিটির কোন সদস্য বদলী হইলে তাঁর স্থলে নতুন করে যোগদানকৃত কর্মকর্তা সদস্য পদে স্থলাভিষিক্ত হইবেন।

## (ছ) মহিলা ও শিশু বিষয়ক কমিটি

১। মহিলা ও শিশু বিষয়ক কমিটির গঠন নিম্নরূপ হইবেঃ

| ক্রমিক নং | নাম | পরিচিতি | পদবী |
|---|---|---|---|
| ০১ | জনাব আলেয়া ফেরদৌসী | উপ-পরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, মুন্সীগঞ্জ। | সভাপতি |
| ০২ | জনাব মৌসুমী মাহবুব | উপ-পরিচালক (উপ-সচিব), স্থানীয় সরকার, মুন্সীগঞ্জ। | সদস্য |
| ০৩ | জনাব মোঃ নজরুল ইসলাম | জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, মুন্সীগঞ্জ। | সদস্য |
| ০৪ | জনাব বিপ্লব কুমার মোহন্ত | উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, মুন্সীগঞ্জ। | সদস্য |
| ০৫ | ডাঃ মোঃ মঞ্জুরুল আলম | সিভিল সার্জন, মুন্সীগঞ্জ। | সদস্য |
| ০৬ | জনাব সুস্মিতা চক্রবর্তী | শহর পরিকল্পনাবিদ, মুন্সীগঞ্জ পৌরসভা, মুন্সীগঞ্জ। | কো-অপ্ট সদস্য ও সদস্য সচিব |

২। কমিটির কার্যপরিধিঃ

২.১। পৌরসভার বিভিন্ন কর্মকান্ডে মহিলাদের অংশগ্রহণ নিশ্চিতকরণে কার্যকর পদক্ষেপ গ্রহণ;

২.২। আয়বৃদ্ধিমূলক কর্মকান্ডে সম্পৃক্ত মহিলাদের অধিকতর আকৃষ্ট করার জন্য ব্যবসায়ী মহিলাদের জন্য পৌর মার্কেটের দোকান বরাদ্দের ক্ষেত্রে কোটা সংরক্ষণ করা;

২.৩। নারী শিশুসহ পিছিয়ে পড়া জনগোষ্ঠীর কল্যাণে বিভিন্নমুখী উন্নয়ন কার্যক্রম গ্রহণে সুপারিশ করা;

২.৪। নারী ও শিশু পাচার এবং বাল্য বিবাহ রোধে জনগণকে সচেতন করা। যৌতুক বিরোধী অভিযান পরিচালনা করা, যৌতুকের ক্ষতিকর প্রভাব সম্পর্কে জনগণকে অবহিত করা;

২.৫। জন্ম-মৃত্যুর তথ্যাদি সংগ্রহ ও সংরক্ষণ করা। জন্ম-মৃত্যু নিবন্ধন করিতে পৌরবাসীকে উৎসাহিত করা;

২.৬। দুঃস্থ মহিলা ও শিশুদের স্বাভাবিক জীবন যাপন ও নিরাপত্তার ব্যবস্থা করা। প্রয়োজনে এতিমখানা, বিধবানিবাস বা আশ্রয়কেন্দ্র ইত্যাদি প্রতিষ্ঠাকরণে সুপারিশ করা;

২.৭। ভিক্ষাবৃত্তি, ইভটিজিং, পতিতাবৃত্তি, কিশোর শ্রম বা কিশোর অপরাধের ন্যায় বিভিন্ন অনাচার বন্ধে জনগণকে সচেতন করা এবং পৌরসভার মাধ্যমে বিভিন্ন উন্নয়নমূলক কার্যক্রম গ্রহণ করিতে সুপারিশ করা;

২.৮। শিশুদের জন্য খেলার মাঠ ও বিনোদন কোন বা পার্ক নির্মাণের সুপারিশ করা;

২.৯। উপজেলা মহিলা ও শিশু বিষয়ক কর্মকর্তা অথবা উপজেলা সমাজসেবা কর্মকর্তাকে বিশেষজ্ঞ সদস্য হিসাবে কো- অপ্ট করিতে পারিবে ও

২.১০। অন্যান্য সংশ্লিষ্ট বিষয়াদি সম্পর্কে সিদ্ধান্ত গ্রহণ করা।

৩। কমিটির কোন সদস্য বদলী হইলে তাঁর স্থলে নতুন করে যোগদানকৃত কর্মকর্তা সদস্য পদে স্থলাভিষিক্ত হইবেন।

## (জ) মৎস্য ও প্রাণি সম্পদ বিষয়ক কমিটি

১। মৎস্য ও প্রাণি সম্পদ বিষয়ক কমিটির গঠন নিম্নরূপ হইবেঃ

| ক্রমিক নং | নাম | পরিচিতি | পদবী |
|---|---|---|---|
| ০১ | জনাব বিপ্লব কুমার মোহন্ত | উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, মুন্সীগঞ্জ। | সভাপতি |
| ০২ | জনাব মৌসুমী মাহবুব | উপ-পরিচালক (উপ-সচিব), স্থানীয় সরকার, মুন্সীগঞ্জ। | সদস্য |
| ০৩ | জনাব ওয়াহিদুজ্জামান | নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, মুন্সীগঞ্জ। | সদস্য |
| ০৪ | জনাব বরুন কুমার বিশ্বাস | নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত, মুন্সীগঞ্জ। | সদস্য |
| ০৫ | ডাঃ মোঃ মঞ্জুরুল আলম | সিভিল সার্জন, মুন্সীগঞ্জ। | সদস্য |
| ০৬ | জনাব লীনা সাহা | স্যানেটারী ইন্সপেক্টর, মুন্সীগঞ্জ পৌরসভা, মুন্সীগঞ্জ। | কো-অপ্ট সদস্য ও সদস্য সচিব |

২। কমিটির কার্যপরিধিঃ

২.১। জীব বৈচিত্র সংরক্ষণে অনুকুল পরিবেশ বজায় রাখার জন্য জনগণের মাঝে সচেতনতা সৃষ্টিতে সহায়তা করা;

২.২। গবাদি পশু, হাঁস-মুরগী এবং মাছের বিভিন্ন রোগের প্রতিকার ও প্রতিরোধের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে সহায়তা করা;

২.৩। মারাত্মক আক্রান্ত গবাদি পশু পাখির চিকিৎসার ব্যবস্থা গ্রহণ করা এবং প্রয়োজনে আক্রান্ত পশু পাখি ধ্বংসের ব্যবস্থা করা;

২.৪। পশু পাখির রোগ বালাই প্রতিরোধের টিকা সংগ্রহ ও প্রদানের ব্যবস্থা গ্রহণ করা ;

২.৫। পৌর এলাকার বিভিন্ন পুকুর, জলাধার ও নিম্নাঞ্চলসমূহ পুনরুদ্ধারে ব্যবস্থা গ্রহণ করা এবং প্রয়োজনে সংস্কার করা। এইরূপ জলাধারকে মৎস্য ক্ষেত্র হিসাবে ঘোষণা করা;

২.৬। পৌর এলাকার সীমানা বা ইহার বাহিরে কসাইখানা স্থাপন ও রক্ষণা বেক্ষণে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণে সুপারিশ করা;

২.৭। পৌর এলাকার প্রাণি হাসপাতাল ও ডিসপেনসারি স্থাপন, রক্ষণাবেক্ষণ করার ব্যবস্থা গ্রহণ;

২.৮। অত্র পৌরসভার ক্ষেত্রে উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তাকে বিশেষজ্ঞ সদস্য হিসেবে কো-অপ্ট করিতে পারিবে ও

২.৯। অন্যান্য সংশ্লিষ্ট বিষয়াদি সম্পর্কে সিদ্ধান্ত গ্রহণ করা।

৩। কমিটির কোন সদস্য বদলী হইলে তাঁর স্থলে নতুন করে যোগদানকৃত কর্মকর্তা সদস্য পদে স্থলাভিষিক্ত হইবেন।

## (ঝ) তথ্য ও সংস্কৃতি বিষয়ক কমিটি

**১। তথ্য ও সংস্কৃতি বিষয়ক কমিটির গঠন নিম্নরূপ হইবেঃ**

| ক্রমিক নং | নাম | পরিচিতি | পদবী |
|---|---|---|---|
| ০১ | জনাব মোঃ নজরুল ইসলাম | জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, মুন্সীগঞ্জ। | সভাপতি |
| ০২ | জনাব মৌসুমী মাহবুব | উপ-পরিচালক (উপ-সচিব), স্থানীয় সরকার, মুন্সীগঞ্জ। | সদস্য |
| ০৩ | জনাব আলেয়া ফেরদৌসী | উপ-পরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, মুন্সীগঞ্জ। | সদস্য |
| ০৪ | জনাব বিপ্লব কুমার মোহন্ত | উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, মুন্সীগঞ্জ। | সদস্য |
| ০৫ | জনাব বরুন কুমার বিশ্বাস | নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত, মুন্সীগঞ্জ। | সদস্য |
| ০৬ | জনাব মুহাম্মদ ফরিদ উদ্দিন | অফিস সহকারী, মুন্সীগঞ্জ পৌরসভা, মুন্সীগঞ্জ। | কো-অপ্ট সদস্য ও সদস্য সচিব |

**২। কমিটির কার্যপরিধিঃ**

২.১। সুস্থ্য সাংস্কৃতিক কর্মকান্ডের বিকাশে সাংশ্লিষ্ট সরকারী ও বেসরকারী দপ্তরসমূহের সাথে যোগাযোগ রক্ষা করা;

২.২। জনসংযোগ বিষয়ক তথ্য সংগ্রহ, বিভিন্ন প্রকার বার্তা ও প্রানী প্রস্তুত এবং প্রচারের যথাযথ উপায় ও মাধ্যম নির্বাচন করা;

২.৩। জাতীয় পর্যায়ের ঐতিহাসিক উপাদানগুলির যথাযথ সংরক্ষণ করা এবং ক্ষতি সাধন প্রতিরোধ করা;

২.৪। জাতীয় পর্যায়ের বিভিন্ন গুরুত্বপূর্ণ দিবসসমূহ ভাবগাম্ভির্যের সহিত পৌর এলাকায় উদযাপনের ব্যবস্থাগ্রহণ করা;

২.৫। বিনোদন, ব্যায়াম ও খেলাধুলায় উৎসাহ দান করা এবং বিভিনণ প্রকার টুর্নামেন্টের আয়োজন করা;

২.৬। বিভিন্ন ধর্মীয় অনুষ্ঠান আয়োজনকারীদের সহায়তা করা। সকল ধর্মের অনুসারীদের নিজ নিজ ধর্ম পালনে সহায়তা করা;

২.৭। মসজিদ, মন্দির,গীর্জা ও প্যাগোডাসহ অন্যান্য সকল ধর্মীয় প্রতিষ্ঠানের আচার অনুষ্ঠান প্রতিপালনে সহযোগীতা করা;

২.৮। পৌর এলাকায় শিক্ষার প্রসারে বিভিন্ন কার্যক্রম গ্রহণ করা;

২.৯। পৌরসভার পরিচালিত তথ্য ও সেবা কেন্দ্রে সেবার মান পরীবিক্ষণ।

২.১০। উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তাকে বিশেষজ্ঞ সদস্য হিসেবে কো-অপ্ট করিতে পারিবে ও

২.১১। অন্যান্য সংশ্লিষ্ট বিষয়াদি সম্পর্কে সিদ্ধান্ত গ্রহণ করা।

৩। কমিটির কোন সদস্য বদলী হইলে তাঁর স্থলে নতুন করে যোগদানকৃত কর্মকর্তা সদস্য পদে স্থলাভিষিক্ত হইবেন।

## (ঞ) বাজার মূল্য পর্যবেক্ষণ,মনিটরিং ও নিয়ন্ত্রণ বিষয়ক কমিটি

১। বাজার মূল্য পর্যবেক্ষণ,মনিটরিং ও নিয়ন্ত্রণ বিষয়ক কমিটির গঠন নিম্নরূপ হইবেঃ

| ক্রমিক নং | নাম | পরিচিতি | পদবী |
|---|---|---|---|
| ০১ | জনাব বিপ্লব কুমার মোহন্ত | উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, মুন্সীগঞ্জ। | সভাপতি |
| ০২ | জনাব মৌসুমী মাহবুব | উপ-পরিচালক (উপ-সচিব), স্থানীয় সরকার, মুন্সীগঞ্জ। | সদস্য |
| ০৩ | জনাব মোঃ ইসমাইল হোসেন | জেলা শিক্ষা অফিসার, মুন্সীগঞ্জ। | সদস্য |
| ০৪ | জনাব মোঃ নজরুল ইসলাম | জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, মুন্সীগঞ্জ। | সদস্য |
| ০৫ | ডাঃ মোঃ মঞ্জুরুল আলম | সিভিল সার্জন, মুন্সীগঞ্জ। | সদস্য |
| ০৬ | জনাব লীনা সাহা | স্যানেটারী ইন্সপেক্টর, মুন্সীগঞ্জ পৌরসভা, মুন্সীগঞ্জ। | কো-অপ্ট সদস্য ও সদস্য সচিব |

২। কমিটির কার্যপরিধিঃ

২.১। পৌরসভা এলাকায় অবস্থিত বিভিন্ন বাজারের নিত্য প্রয়োজনীয় পণ্য সামগ্রীর মূল্য পরিস্থিতি পর্যালোচনা ও মূল্য নিয়ন্ত্রণে সুপারিশ করা;

২.২। পণ্য চাহিদা ও সরবরাহ পরিস্থিতি পর্যালোচনা করা। কোন প্রকার সংকট থাকিলে উহার কারণ ও সমাধানের উপায় নির্ধারণ করা;

২.৩। নকল ও স্বাস্থ্যের জন্য ক্ষতিকর পণ্য সামগ্রীর বিক্রয় পরিস্থিতি পর্যবেক্ষণ ও মনিটরিং করা। সামগ্রীক বাজার পরিস্থিতির উপর প্রতিবেদন প্রস্তুত করা এবং পৌর পরিষদকে অবহিত করা;

২.৪। বাজার মূল্য পরিস্থিতি ও স্বাস্থ্যের জন্য ক্ষতিকর পণ্য সামগ্রীর বিক্রয় নিয়ন্ত্রণে নিয়মিত ভ্রাম্যমাণ আদালত পরিচালনায় প্রশাসনের সহযোগিতা নেওয়া এবং ভ্রাম্যমাণ আদালতকে সামগ্রিকভাবে সহায়তা করা;

২.৫। অন্যান্য সংশ্লিষ্ট বিষয়াদি সম্পর্কে সিদ্ধান্ত গ্রহণ করা।

৩। কমিটির কোন সদস্য বদলী হইলে তাঁর স্থলে নতুন করে যোগদানকৃত কর্মকর্তা সদস্য পদে স্থলাভিষিক্ত হইবেন।

দ্বিতীয় তফসিল

[অনুচ্ছেদ-৪ দ্রষ্টব্য]

(ক) **স্বাস্থ্য,পানি ও স্যানিটেশন কমিটি (অতিরিক্ত স্থায়ী কমিটি)**

১। স্বাস্থ্য,পানি ও স্যানিটেশন **কমিটির** গঠন নিম্নরূপ হইবেঃ

| ক্রঃ নং | নাম | পরিচিতি | পদবী |
|---|---|---|---|
| ০১ | জনাব মোঃ হুমায়ুন কবির | নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, মুন্সীগঞ্জ। | সভাপতি |
| ০২ | জনাব মৌসুমী মাহবুব | উপ-পরিচালক (উপ-সচিব), স্থানীয় সরকার, মুন্সীগঞ্জ। | সদস্য |
| ০৩ | জনাব ওয়াহিদুজ্জামান | নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, মুন্সীগঞ্জ। | সদস্য |
| ০৪ | জনাব বরুন কুমার বিশ্বাস | নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত, মুন্সীগঞ্জ। | সদস্য |
| ০৫ | জনাব ডাঃ মোঃ মঞ্জুরুল আলম | সিভিল সার্জন, মুন্সীগঞ্জ। | সদস্য |
| ০৬ | জনাব মোঃ আনিছুর রহমান | সহকারী প্রকৌশলী (পানি ও পয়ঃ নিষ্কাশন-২) | কো-অপ্ট সদস্য ও সদস্য সচিব |

**২। কমিটির কার্যপরিধিঃ**

২.১। পৌরসভা এলাকায় ইপিআই কর্মসূচীসহ প্রাথমিক স্বাস্থ্য পরিচর্যা কার্যক্রম বাস্তবায়নে সহায়তা করা;

২.২। পৌর এলাকায় পরিবেশ সংরক্ষণ এবং হোটেল, রেস্তোরাঁ, হাট ও বাজারের খোলা খাদ্যের মান নিয়ন্ত্রণের ব্যবস্থা করা;

২.৩। নিরাপদ ও স্বাস্থ্যসম্মত পয়ঃপ্রণালী ব্যবস্থা নিশ্চিত করা;

২.৪। জনসাধারণের স্বাস্থ্য সচেতনতা বৃদ্ধির জন্য বিভিন্ন উদ্বুদ্ধকরণ কর্মসূচী গ্রহণ করা। সকল সরকারী ও বেসরকারী সংস্থার সহিত সমন্বয় সাধনের ব্যবস্থা করা;

২.৫। স্বাস্থ্যসম্মত পায়খানা ব্যবহারে জনসচেতনতা সৃষ্টি করা;

২.৬। জবাইকৃত পশুর মাংসের মান নিয়ন্ত্রণ করা;

২.৭। পুরুষ ও মহিলাদের জন্য পৌর এলাকার বিভিন্ন স্থানে পায়খানা ও প্রস্রাবখানা নির্মাণ ও সংরক্ষণ করা;

২.৮। জন্ম-মৃত্যু নিবন্ধনে জনসচেতনতা বৃদ্ধির চেষ্টা করা;

২.৯। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে বিশেষজ্ঞ সদস্য হিসেবে কো-অপ্ট করিতে পারিবে ;

২.১০। অটিজম ও স্নায়ুবিকাশ জনিত সমস্যা বিষয়ে জনসচেতনতা সৃষ্টিসহ এতদসংশ্লিষ্ট সকল কার্যক্রম গ্রহণ করা ও

২.১১। অন্যান্য সংশ্লিষ্ট বিষয়াদি সম্পর্কে সিদ্ধান্ত গ্রহণ করা।

৩। কমিটির কোন সদস্য বদলী হইলে তাঁর স্থলে নতুন করে যোগদানকৃত কর্মকর্তা সদস্য পদে স্থলাভিষিক্ত হইবেন।

## (খ) দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন কমিটি (অতিরিক্ত স্থায়ী কমিটি)

১। দারিদ্র বিমোচন ও বস্তি উন্নয়ন কমিটির গঠন নিম্নরুপ হইবেঃ

| ক্রঃ নং | নাম | পরিচিতি | পদবী |
|---|---|---|---|
| ০১ | জনাব আলেয়া ফেরদৌসী | উপ-পরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, মুন্সীগঞ্জ। | সভাপতি |
| ০২ | জনাব মৌসুমী মাহবুব | উপ-পরিচালক (উপ-সচিব), স্থানীয় সরকার, মুন্সীগঞ্জ। | সদস্য |
| ০৩ | জনাব মোঃ ইসমাইল হোসেন | জেলা শিক্ষা অফিসার, মুন্সীগঞ্জ। | সদস্য |
| ০৪ | জনাব ওয়াহিদুজ্জামান | নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, মুন্সীগঞ্জ। | সদস্য |
| ০৫ | জনাব বরুন কুমার বিশ্বাস | নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত, মুন্সীগঞ্জ। | সদস্য |
| ০৬ | জনাব সুস্মিতা চক্রবর্তী | শহর পরিকল্পনাবিদ, মুন্সীগঞ্জ পৌরসভা, মুন্সীগঞ্জ। | কো-অপ্ট সদস্য ও সদস্য সচিব |

২। কমিটির কার্যপরিধিঃ

২.১। পৌরসভা এলাকায় বসবাসকারী দরিদ্র মানুষ এবং বস্তির সংখ্যা নিরুপণ ও তালিকা তৈরী করা;

২.২। দরিদ্র মানুষের চাহিদা নিরূপণ ও অগ্রাধিকার নির্ণয় করা;

২.৩। দারিদ্র নিরসনে স্কীম চিহ্নিতকরণ, কর্ম পরিকল্পনা প্রণয়ন এবং সেই সকল কর্ম প্রকল্প বাস্তবায়ন করা;

২.৪। দরিদ্র মানুষের জন্য শিক্ষা, স্বাস্থ্য ও আয় বৃদ্ধিমূলক কর্মকান্ড গ্রহণ করা;

২.৫। পৌরসভার বিভিন্ন উন্নয়ন কর্মকান্ড দরিদ্র জনগণকে সম্পৃক্ত করা;

২.৬। দরিদ্র মানুষ বিশেষত দরিদ্র মহিলা, শিশু ও প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য আয় বর্ধক কর্মসূচী ও শিক্ষা কার্যক্রম গ্রহণ করা;

২.৭। বস্তি ও ক্লাস্টার চিহ্নিত করা, আর্থ-সামাজিক ও অবকাঠামো সেবা প্রদানের ব্যবস্থা করা;

২.৮। বস্তি উন্নয়নে বিভিন্ন কার্যক্রম গ্রহণ করা। বস্তিতে পয়:নিস্কাশন ও পানীয় জলের ব্যবস্থা করা ও

২.৯। অন্যান্য সংশ্লিষ্ট বিষয়াদি সম্পর্কে সিদ্ধান্ত গ্রহণ করা।

৩। কমিটির কোন সদস্য বদলী হইলে তাঁর স্থলে নতুন করে যোগদানকৃত কর্মকর্তা সদস্য পদে স্থলাভিষিক্ত হইবেন।

## (গ) আর্বজনা অপসারণ ও হস্তান্তর কমিটি (অতিরিক্ত) স্থায়ী কমিটি

১। আর্বজনা অপসারন ও হস্তান্তর কমিটির গঠন নিম্নরূপ হইবেঃ

| ক্রমিক নং | নাম | পরিচিতি | পদবী |
|---|---|---|---|
| ০১ | জনাব ডাঃ মোঃ মঞ্জুরুল ইসলাম | সিভিল সার্জন, মুন্সীগঞ্জ। | সভাপতি |
| ০২ | জনাব মৌসুমী মাহবুব | উপ-পরিচালক (উপ-সচিব), স্থানীয় সরকার, মুন্সীগঞ্জ। | সদস্য |
| ০৩ | জনাব মোঃ হুমায়ুন কবির | নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, মুন্সীগঞ্জ। | সদস্য |
| ০৪ | জনাব ওয়াহিদুজ্জামান | নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, মুন্সীগঞ্জ। | সদস্য |
| ০৫ | জনাব বরুন কুমার বিশ্বাস | নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত, মুন্সীগঞ্জ। | সদস্য |
| ০৬ | জনাব গাজী জসিম উদ্দিন | কনজারভেন্সী ইন্সপেক্টর মুন্সীগঞ্জ পৌরসভা, মুন্সীগঞ্জ। | কো-অপ্ট সদস্য ও সদস্য সচিব |

২। কমিটির কার্যপরিধিঃ

২.১। বাড়ি-ঘর, অফিস-আদালত, রাস্তা,নর্দমা ও খোলা জায়গা হইতে ময়লা আর্বজনা সংগ্রহ ও অপসারণে জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা;

২.২। বিভিন্ন স্থানে ময়লা আর্বজনা সংগ্রহ ও সংরক্ষণের জন্য পাত্র বা আধারের ব্যবস্থা করা;

২.৩। কোন ইমারত বা অন্য কোন ভৌত অবকাঠামো ঝুঁকিপূর্ণ হলে বা অস্বাস্থ্যকর অবস্থায় থাকলে তা দ্রুত অপসারন বা হস্তান্তরের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা;

২.৪। পাবলিক টয়লেট যথাযথ সংরক্ষণ করা এবং নিয়মিত পরিস্কার পরিচ্ছন্ন রাখার জন্য ব্যবস্থা গ্রহণ করা; ও

২.৫। শিল্প কল-কারখানার বর্জ্য অপসারণে যথাযথ ব্যবস্থা গ্রহণ এবং প্রয়োজনে পৌর পরিষদকে কার্যকর ব্যবস্থা নেওয়ার জন্য সুপারিশ করা;

২.৬। পরিবেশ সংরক্ষণ সম্পর্কে পৌর পরিষদকে সুস্পষ্ট পরামর্শ দেওয়া;

২.৭। অন্যান্য সংশ্লিষ্ট বিষয়াদি সম্পর্কে সিদ্ধান্ত গ্রহণ করা।

৩। কমিটির কোন সদস্য বদলী হইলে তাঁর স্থলে নতুন করে যোগদানকৃত কর্মকর্তা সদস্য পদে স্থলাভিষিক্ত হইবেন।

## (ঘ) দুর্যোগ ব্যবস্থাপণা বিষয়ক কমিটি (অতিরিক্ত) স্থায়ী কমিটি

১। দুর্যোগ ব্যবস্থাপণা বিষয়ক কমিটির গঠন নিম্নরুপ হইবেঃ

| ক্রমিক নং | নাম | পরিচিতি | পদবী |
|---|---|---|---|
| ০১ | জনাব ডাঃ মোঃ মঞ্জুরুল ইসলাম | সিভিল সার্জন, মুন্সীগঞ্জ। | সভাপতি |
| ০২ | জনাব মৌসুমী মাহবুব | উপ-পরিচালক (উপ-সচিব), স্থানীয় সরকার, মুন্সীগঞ্জ। | সদস্য |
| ০৩ | জনাব মোঃ হুমায়ুন কবির | নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, মুন্সীগঞ্জ। | সদস্য |
| ০৪ | জনাব ওয়াহিদুজ্জামান | নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, মুন্সীগঞ্জ। | সদস্য |
| ০৫ | জনাব আলেয়া ফেরদৌসী | উপ-পরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, মুন্সীগঞ্জ। | সদস্য |
| ০৬ | জনাব মোঃ আতাউর রহমান | সহকারী প্রকৌশলী (পান ও পয়ঃনিষ্কাশন-১) | কো-অপ্ট সদস্য ও সদস্য সচিব |

২। **কমিটির কার্যপরিধিঃ**

২.১। দুর্যোগ সংক্রান্ত সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের স্থায়ী নির্দেশাবলী অনুযায়ী পূর্ব সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণ করা;
২.২। দুর্যোগ প্রার্দুভাব সংক্রান্ত সচেতনতা বৃদ্ধির জন্য বিভিন্ন কার্যক্রম গ্রহণ;
২.৩। দুর্যোগ মোকাবেলায় সক্ষমতা বৃদ্ধির জন্য পৌরসভার কর্মকর্তা কর্মচারীদের প্রশিক্ষণের ব্যবস্থা করা;
২.৪। দুর্যোগকালীণ সময়ে জরুরী ভিত্তিতে পৌরসভায় দূর্যোগ নিয়ন্ত্রণ কক্ষের ব্যবস্থা করা;
২.৫। দুর্যোগকালীণ সময়ে এবং পরে সহায়তা প্রদানের লক্ষ্যে উপজেলা ও জেলা প্রশাসনের সাথে যোগাযোগ রক্ষা করা;
২.৬। দুর্যোগকালীণ সময়ে ঝুঁকিগ্রস্থ ব্যক্তিদের নিরাপদ জায়গায় স্থানান্তরের ব্যবস্থা গ্রহণ করা;
২.৭। দুর্যোগের কারণে আহত ব্যক্তিদের জরুরী ভিত্তিতে চিকিৎসা সহায়তা প্রদানের ব্যবস্থা করা;
২.৮। দূর্যোগ পরবর্তী ক্ষতিগ্রস্থ ব্যক্তিদের পুর্নবাসনের ব্যবস্থা করা;
২.৯। অন্যান্য সংশ্লিষ্ট বিষয়াদি সম্পর্কে সিদ্ধান্ত গ্রহণ করা।

৩। কমিটির কোন সদস্য বদলী হইলে তাঁর স্থলে নতুন করে যোগদানকৃত কর্মকর্তা সদস্য পদে স্থলাভিষিক্ত হইবেন।

পৌরসভার আদেশক্রমে,

১০/০২/২০২৫
মৌসুমী মাহবুব
প্রশাসক, মুন্সীগঞ্জ পৌরসভা
মুন্সীগঞ্জ।